

বরাবর

মহাপরিচালক

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন

রমনা, ঢাকা।

Din. (Admin)

pe

01 JAN 2026

বিষয়: চাকুরীতে পুনর্বহাল-এর আদেশ প্রাপ্ত হয়ে বিসিএস (মৎস্য) ক্যাডারে খামার ব্যবস্থাপক হিসেবে যোগদান প্রসঙ্গে।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য-১ শাখার প্রজ্ঞাপন নং- ৩৩.০০.০০০০.১২৬.৩১.০০৭.২০.৯৪৫, তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৫ খ্রি.

মহোদয়,

যথাযথ সম্মানপ্রদর্শনপূর্বক জানাচ্ছি যে, আমি মোঃ রেজাউল বারী ২৪তম বিসিএস পরীক্ষায় নিয়োগপ্রাপ্ত হয়ে বিসিএস (মৎস্য) ক্যাডারে ০২/০৭/২০০৫ খ্রি. তারিখ খামার ব্যবস্থাপক পদে যোগদান করি। কিন্তু ১৮/৪/২০০৮ তারিখের মিথ্যা ফৌজদারী মামলায় (মামলা নং-৩৩/১৫০) অভিযুক্ত ও গ্রেফতার হয়ে সাময়িক বরখাস্ত হই। এরপরে স্পেশাল জজ কোর্ট রংপুর এ মামলা নং- ০৩/২০১৩ এর প্রেক্ষিতে দুদকের চার্জশিটের আলোকে ২৯/৮/২০১৯ খ্রি. তারিখে ৫ বছরের সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা ও ১৩৮,২২৫ টাকা সরকারী কোষাগারে প্রদান করার আদেশ দেন; এবং আমাকে উক্ত ২৯/৮/২০১৯ ইং তারিখ হতে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হয়।

উপরোক্ত প্রেক্ষাপটে মহামান্য হাইকোর্ট বিভাগে ক্রিমিনাল আপীল নং- ১০৪৭৭/২০১৯ এর আলোকে রাষ্ট্রপক্ষ আমার বিরুদ্ধে অনীত অভিযোগ প্রমাণ করতে ব্যর্থ হওয়ায় মহামান্য হাইকোর্ট ডিভিশন বিগত ১৭/১০/২০২৩ খ্রি. তারিখের রায়ে আমাকে অত্র মোকদ্দমার অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে খালাস প্রদান করেন।

উক্ত খালাস আদেশের বিরুদ্ধে দুদক মহামান্য আপীল বিভাগে লিভ টু আপিল যার নং ১৬০৫/২০২৪ দায়ের করলে আপীল বিভাগ বিগত ১৯/১২/২০২৪ খ্রি. তারিখে “This Criminal petition for Leave to Appeal is dismissed being the same is devoid of merit” মর্মে আদেশ প্রদান করেন। দুদক উক্ত আদেশের বিরুদ্ধে রিভিউ না করার সিদ্ধান্ত গ্রহণ করে।

এমতাবস্থায় মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য-১ শাখার প্রজ্ঞাপন নং- ৩৩.০০.০০০০.১২৬.৩১.০০৭.২০.৯৪৫, তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৫ খ্রি. মূলে আমার ১৮/০৪/২০০৮ খ্রি. তারিখ হতে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক সাময়িক বরখাস্তকালীন ও বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য এবং বকেয়া আর্থিক সুবিধা এবং বিধি মোতাবেক অন্যান্য সুবিধাসহ ২৯/০৮/২০১৯ খ্রি. তারিখ হতে সরকারি চাকুরিতে পুনর্বহাল করা হয়।

এমতাবস্থায় আমি অদ্য ২৪/১২/২০২৫ খ্রি. তারিখ পূর্বাঙ্কে বিসিএস (মৎস্য) ক্যাডারে খামার ব্যবস্থাপক হিসেবে যোগদান করলাম। আমার যোগদানপত্র গ্রহণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর চাকুরীতে পুনর্বহালের আদেশের কপি।
২. চাকুরী থেকে বরখাস্তকরণ আদেশ।
৩. মোকদ্দমার অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে খালাস প্রদানসংক্রান্ত মহামান্য হাইকোর্টের রায়ের কপি।
৪. মহামান্য আপীল বিভাগের লিভ টু আপীল খারিজসংক্রান্ত রায়ের কপি।

আপনার একান্ত অনুগত,

মোঃ রেজাউল বারী
(মোঃ রেজাউল বারী) ২৪/১২/২০২৫ খ্রি.
খামার ব্যবস্থাপক
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন,
রমনা, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা ঢাকা।
- ৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।

“আমিষেই শক্তি, আমিষেই সুক্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১০২.৪১.০৩৯.০৫- ২২.২৩

তারিখ: ০৫/০১/২০২৬খ্রি.

জ্ঞাতার্থে ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখের স্মারক নম্বর ৩৩.০০.০০০০.১২৬.৩১.০০৭.২০-৯৪৫ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী জনাব মোঃ রেজাউল বারী, খামার ব্যবস্থাপক পদে ২৪/১২/২০২৫ তারিখে মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকায় যোগদান করেছেন। কর্মকর্তার ২৪/১২/২০২৫ তারিখের যোগদান পত্রটি গ্রহণ করে পৃষ্ঠাংকনপূর্বক অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. পরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর।
৪. চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স, অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (বর্ণিত বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
৮. খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, শঠিবাড়ী, উপজেলা- মিঠাপুকুর, জেলা-রংপুর।
৯. জনাব মোঃ রেজাউল বারী, খামার ব্যবস্থাপক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি, -----।



(মোঃ আহসান হাসিব খান)

উপপরিচালক (প্রশাসন)

ফোন-০২-২২৩৩৮৯৩৫৫

ই-মেইল-ddadmin@fisheries.gov.bd

